“তোমাদের যাবতীয় কর্ম এক ব্যক্তির ওপর ন্যস্ত থাকা অবস্থায় যদি কেউ এসে তোমাদের ঐক্যের লাঠি ভাঙ্গতে চায়, অথবা তোমাদের জামাতের মধ্যে ফাটল ধরাতে চায়, তাহলে তোমরা তাকে হত্যা করো”।

আরফাজা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “তোমাদের যাবতীয় কর্ম এক ব্যক্তির ওপর ন্যস্ত থাকা অবস্থায় যদি কেউ এসে তোমাদের ঐক্যের লাঠি ভাঙ্গতে চায়, অথবা তোমাদের জামাতের
মধ্যে ফাটল ধরাতে চায়, তাহলে তোমরা তাকে হত্যা করো”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করছেন, মুসলিমরা যখন এক শাসকের অধীনে ও এক জামাআতে ঐক্যবদ্ধ থাকেন, তারপর কেউ যদি শাসন ক্ষমতা কেড়ে নেওয়ার ইচ্ছায় অথবা মুসলিমদেরকে এক জামাআত থেকে একাধিক জামাআতে বিভক্ত করার ইচ্ছে করেন, তখন তাদের ওপর তার অনিষ্টকে রোধ করা ও মুসলিমদের রক্তের সুরক্ষার স্বার্থে তাকে বাধা দেওয়া ও তার সাথে যুদ্ধ করা ওয়াজিব।

http://www.sunnah.global/hadeeth/bn/show/58223